

Chakrabarty
Principal

Kalipada Ghosh Tarai Mahavidyalaya

PRINCIPAL
Kalipada Ghosh Tarai
Mahavidyalaya
Bagdogra

নির্বাচিত বাংলা ছোটগল্প

বিশয় ও নির্মাণের স্বাতন্ত্র্য

শ্রী রোহাউল করিম
মোনাব মণ্ডল



দিয়া পাবলিকেশন

Nirbachito Chotogolpo : Bishay O Nirmaner Swatantra
Edited by *Prof. Mir Rezaul Karim & Monab Mondal*

Published by *Debarati Mallik*
Diya Publication, 44/1A Beniatola Lane, Kolkata-700009
Phone : 9836733383/9836733393
e-mail : diyapublication@gmail.com
Website : www.diyapublication.com
facebook : Diya Publication

ISBN : 978-93-87003-10-1

প্রথম প্রকাশ : ৬ জুন ২০১৮

মূল্য ৩৫০.০০

সূচি

রবীন্দ্রনাথ ঠাকুর _____

রবীন্দ্রনাথ ঠাকুরের 'দেনাপাওনা' : একটি পর্যালোচনা

সৌরভ বসাক ১

মৃগালের জীবনদর্শন ও মুক্তির স্বাদ : 'স্বীর পত্র'

বিকি দাস ১২

'শাস্তি' : প্রকৃত দোষীর স্থানে

জয় দাস ১৮

রবীন্দ্রনাথের 'মেঘ ও রৌদ্র' : মেলবন্ধনে প্রকৃতি ও মানব

নিরু বর্মন ২৬

রবীন্দ্রনাথের 'অতিথি' : একটি বিশ্লেষণী পাঠ

নবীন দাস ৩৪

প্রভাতকুমার মুখোপাধ্যায় _____

৪৮-৬৭

প্রভাতকুমারের 'দেবী' : একটি বিশ্লেষণী পাঠ

শক্তিপদ হালদার ৪৮

প্রভাতকুমার মুখোপাধ্যায়ের 'রসময়ীর রসিকতা' নির্মল হাসির বর্ণালী

দীপঙ্কর সরকার ৫৮

শরৎচন্দ্র চট্টোপাধ্যায় _____

৬৮-৭৭

বিবেক বর্জিত সমাজ মানসিকতার বলি : 'মহেশ'

মৃগালকান্তি রায় ৬৮

প্রেমেন্দ্র মিত্র _____

৭৮-৮৪

নীড় বাঁধা-নীড় ভাঙার গল্প : প্রেমেন্দ্র মিত্রের 'শুধু কেরাণী'

দীপ চন্দ ৭৮

বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায় _____

৮৫-৯৮

বিভূতিভূষণের 'পুইমাচা' : একটি বিশ্লেষণী পাঠ

সুজিত কুমার বিশ্বাস ৮৫

'মৌরীফুল' : একটি অন্তর্নিরীক্ষণের গল্প

শর্মিষ্ঠা পাল ৯৩

ভারশঙ্কর বন্দ্যোপাধ্যায় _____

৯৯-১৫৬

নতুন ও পুরনোর ছন্দ : 'জলসাঘর'

ঈশ্বরচন্দ্র বর্মন ১০০

সম্পর্কের টানাপোড়েন : তারশঙ্কর বন্দ্যোপাধ্যায়ের 'রাইকমল'
রেপা পাল ১০৮

তারশঙ্করের 'ভাসের ঘর' : প্রসঙ্গ দু-চার কথা
বহিষিখা রায় প্রধান ১১৫

মানবতাবাদের প্রতিষ্ঠা : তারশঙ্করের 'না'
রবীন্দ্র কুমার বর্মণ ১২৫

তারশঙ্করের 'কালাপাহাড়' : বিশ্লেষণের বিভিন্নতায়
কৃষ্ণমোহন ভৌমিক ১৩৬

'ডাইনি' : বাস্তব ও সংস্কারের দ্বন্দ্ব
অরুণাভ মিত্র ১৪৪

মানিক বন্দ্যোপাধ্যায় _____

১৫৭-২০৭

বাস্তি থেকে সমষ্টির সেবায় আত্মনিয়োগ : মানিক বন্দ্যোপাধ্যায়ের 'কুষ্ঠরোগীর বৌ'

প্রীতিলতা রায় ১৫৮

আদিম সভ্যতার জীবিত স্বর : প্রসঙ্গ 'প্রাগৈতিহাসিক'

দিলীপ হাজারা ১৬৭

মানিক বন্দ্যোপাধ্যায়ের 'হারানের নাটজামাই' : একটি বিশ্লেষণী পাঠ

মৈত্রেয় বর্মণ ১৭৭

অস্তিত্বের সংকট ও আদর্শের জয় : মানিকের 'শিল্পী'

পতন দাস ১৮৯

'দুঃশাসনীয়' : দ্বিতীয় বিশ্বযুদ্ধ পরবর্তী বঙ্গ সংকটের দলিল

দীপঙ্কর দাস ২০০

২০৮-২১০

রাজশেখর বসু (পরশুরাম) _____

পরশুরামের 'তৃতীয় দুতসভা' : ভিন্ন রসের আনন্দ

সুনন্দা ঘটক ২০৮

২১৪-২০৩

বলাইচাঁদ মুখোপাধ্যায় (বনফুল) _____

'নিমগাছ' : তিস্ততার আড়ালে নারী মনের যন্ত্রণা

মানিকলাল সাহা ২১৪

শ্রেণি মর্যাদার লড়াই : বনফুলের 'ছোটলোক'

বাণী বর্মণ ২২১

বনফুল ও তাঁর ছোটগল্প : 'অজান্তে' একটি সমীক্ষা

জনন্ত রাতা ২২৬

২৩৪-২৫৭

নরেন্দ্রনাথ মিত্র _____

নরেন্দ্র মিত্রের 'রস' : জীবনরসের উৎস সম্বন্ধে

তাপস মণ্ডল ২৩৪

তারশঙ্করের 'কালাপাহাড়' : বিশ্লেষণের বিভিন্নতায় কৃষ্ণমোহন ভৌমিক

রাঢ় বঙ্গের ধূলি-ধূসরিত জীবন প্রবাহের অদ্বিতীয় কথক তারশঙ্কর বন্দ্যোপাধ্যায়ের আবির্ভাব বাংলা কথাসাহিত্যে এক নতুন দিকের সূচনা করে। ১৩০৫ সালের ৮ই শ্রাবণ, শুক্লাবার অর্থাৎ ১৮৯৮ সালের ২৪ জুলাই বীরভূমের লাভপুর গ্রামে পিতা হরিদাস বন্দ্যোপাধ্যায় ও মাতা প্রভাবতী দেবীর জ্যেষ্ঠপুত্র হিসাবে জমিদার বংশে জন্মগ্রহণ করেন তারশঙ্কর। এই লাভপুর এবং তাকে কেন্দ্র করে চারপাশে বিস্তৃত একটি বিরাট ভূ-খণ্ডের সমাজ-জীবনকে অতি নিপুণভাবে চিত্রিত করেছেন তাঁর সাহিত্যে। তাঁর রচনা আঞ্চলিক। আসলে যে-কোন শিল্পীর ওপরেই তাঁর নিজস্ব অঞ্চলের প্রভাব কম-বেশি থাকেই। তারশঙ্করের রচনায় সেই প্রভাবের প্রভূত নিদর্শন থাকলেও লেখনী গুণে তা আঞ্চলিকতাকে ছাড়িয়ে দেশ-কালে পরিব্যাপ্ত হয়ে গেছে। তারশঙ্কর বন্দ্যোপাধ্যায় কল্লোলের লেখক গোষ্ঠীভুক্ত হয়েও ঠিক সম্পূর্ণ 'কল্লোল'-এর হতে পারেননি। ব্যক্তিগত জীবনে পল্লীপ্রাণ, রাজনৈতিক কর্মী, ঐতিহ্যে বিশ্বাসী তারশঙ্কর নাগরিক মানসিকতাসম্পন্ন, পাশ্চাত্য সাহিত্যের ভাবধারা পুষ্ট, ঐতিহ্য অস্বীকার করার প্রবণতায় সর্বনাশা ভাঙনের মোহে আবদ্ধ কল্লোল গোষ্ঠীর লেখকদের সঙ্গে নিজেকে মিলিয়ে দিতে চাননি। বীরভূমের বৃক্ষ মাটিতে, বৃক্ষ প্রকৃতিতে তিনি তাঁর সাহিত্যের উপাদান খুঁজে পেয়েছেন। জীবনের আদিম প্রবৃত্তিকে যেমন তিনি তাঁর গল্প-উপন্যাসে তুলে ধরেছেন, তেমনি তুলে ধরেছেন মনুষ্যত্বকেও।

তারশঙ্করের অনেক গল্পই একাধিক গল্পগ্রন্থে স্থান পেয়েছে। এরকমই একটি গল্প হল 'কালাপাহাড়'। ১৩৪৫ বঙ্গাব্দের বৈশাখ মাসে প্রকাশিত হয় তাঁর তৃতীয় গল্পগ্রন্থ 'রসকলি', এতে প্রকাশিত হয় মোট নয়টি গল্প এবং এদের একটিই হল 'কালাপাহাড়'। 'রসকলি' ছাড়াও গল্পটি পরবর্তী সময়ে ১৩৫৪ বঙ্গাব্দে প্রকাশিত 'রামধনু', ১৩৭০ বঙ্গাব্দে প্রকাশিত 'তমসা' এবং এই বছরই প্রকাশিত 'গল্প পঞ্চাশৎ' এবং ১৩৭৪ বঙ্গাব্দে প্রকাশিত 'গবিন সিংহের ঘোড়া' গল্প গ্রন্থগুলি ছাড়াও তারশঙ্কর বন্দ্যোপাধ্যায়ের 'শ্রেষ্ঠগল্প'-এ স্থান পেয়েছে।

॥ দুই ॥

বলশালী, প্রকাণ্ড দেহী জাত চাষি রংলাল চাষের কাজে তারই মতো সুঠাম, বলিষ্ঠ গোরু কিনতে চাইলে শিক্ষিত পুত্রের সঙ্গে বেঁধেছে দ্বন্দ্ব। পুত্র যশোদানন্দন রংলালকে বোঝাতে থাকে বর্তমানে যে গোরু দুটো দিয়ে তাদের চাষের কাজ চলছে, তাই দিয়ে এবছরটা চালিয়ে পরের বছর ভালো দেখে গোরু কেনা যাবে। কিন্তু নতুন গোরু কেনার ব্যাপারে রংলাল শিশুর মতোই নাছোড়বান্দা। আসলে গোরু নিয়ে সে অনুভব করতে চায় আত্মপ্রাণ। সে এমন গোরু